জয় বাংলা

আল্লাহ সর্বশক্তিমান

জয় বঙ্গবন্ধু

# মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় হতে ইস্যুকৃত ডিজিটাল সার্টিফিকেট ও স্মার্ট আইডি কার্ড সনাক্তকরণ ম্যানুয়াল



## মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবহন পুল ভবন
সচিবালয় সংযোগ সড়ক, ঢাকা-১০০০
Website: www.molwa.gov.bd

**সরবরাহকারী প্রতিষ্ঠান**

সিকিউরা বাংলাদেশ লিমিটেড
১২-১৩,মতিঝিল বা/এ, রহমান চেম্বার (২য় তালা)
ঢাকা-১০০০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক সকল (জীবিত ও মৃত )বীর মুক্তিযোদ্ধাদের মাঝে বিতরণকৃত ডিজিটাল সার্টিফিকেটে বেশ কিছু নিরাপত্তামূলক বৈশিষ্ট রয়েছে। এ বৈশিষ্ট সমূহ সনাক্তকরণের মাধ্যমে আসল বা প্রকৃত (Actual) ও নকল (Fake) সার্টিফিকেট আলাদা ভাবে চিহ্নিত করা যাবে। আসল বা প্রকৃত (Actual) ডিজিটাল সার্টিফিকেট সনাক্তকরণের পদ্ধতি এ ম্যানুয়ালে লিপিবদ্ধ করা হয়েছে।

**বীর মুক্তিযোদ্ধাদের ডিজিটাল সার্টিফিকেট-এ ১৪(চৌদ্দ) টি নিরাপত্তামূলক বৈশিষ্ট্য রয়েছে ,যা নিম্নরূপে সনাক্তযোগ্য (ডায়াগ্রাম-১ এর লেভেলিং দ্রষ্টব্য)-**

### ০১। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের এমবসড মনোগ্রাম (Embossed Logo of Government of Bangladesh):

"গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মনোগ্রাম" ডিজিটাল সার্টিফিকেট এর উপরের দিকে ঠিক মাঝখানে পৃষ্ঠতলে এমন ভাবে ‘এমবসড’ করা হয়েছে যে, এটি একটি ত্রিমাত্রিক প্রভাব তৈরি করেছে যা যে কেউ এটির দিকে তাকালে তার দৃষ্টি আকর্ষণ করবে। হাতের আঙ্গুলের দ্বারা স্পর্শ করে এটি সহজে অনুভব করা ও সনাক্ত করা যাবে **(ডায়াগ্রাম-১ এ লেভেলিং-০২ দ্রষ্টব্য)।**

### ০২। অদৃশ্য আল্ট্রাভায়োলেট কালি (Invisible Ultraviolet ink - UV):

বীর মুক্তিযোদ্ধাদের ডিজিটাল সার্টিফিকেট-এর নিরাপত্তায় ৬ (ছয়) টি স্থানে অদৃশ্য আল্ট্রাভায়োলেট (UV) কালির প্রিন্ট ব্যবহৃত হয়েছে। খালি চোখে এ প্রিন্ট সনাক্ত করা যায় না। "UV Light" ডিভাইস ব্যবহার করে নিম্নোক্ত ৬ (ছয়) টি স্থানে **(ডায়াগ্রাম-২ দ্রষ্টব্য )** নিরাপত্তামূলক বৈশিষ্ট্যগুলো সনাক্তযোগ্য-

(০১) ডিজিটাল সার্টিফিকেট-এর উপরের দিকে বাম কোণে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর ত্রিমাত্রিক ছবি (3D Picture) রয়েছে, যা "UV Light" ডিভাইস ফোকাস করে সনাক্ত করতে হবে **(ডায়াগ্রাম-১ এ লেভেলিং-০১ দ্রষ্টব্য)।**

(০২) ডিজিটাল সার্টিফিকেট-এর মাঝামাঝি উপরের দিকে বাম পার্শ্বে "জয় বাংলা" ও ডান পার্শ্বে "জয় বঙ্গবন্ধু" লেখা রয়েছে , যা "UV Light" ডিভাইস ফোকাস করে সনাক্ত করতে হবে **(ডায়াগ্রাম-১ এ লেভেলিং-০৩ দ্রষ্টব্য)।**

(০৩) ডিজিটাল সার্টিফিকেট-এর উপরের দিকে ডান কোণে "জাতীয় স্মৃতিসৌধ-এর ডিজিটাল জলছাপ" (Digital Watermark of National Monument) রয়েছে, যা "UV Light" ডিভাইস ফোকাস করে সনাক্ত করতে হবে **(ডায়াগ্রাম-১ এ লেভেলিং-০৫ দ্রষ্টব্য)।**

(০৪) ডিজিটাল সার্টিফিকেট-এর কেন্দ্রে বীর মুক্তিযোদ্ধার মুষ্টিবদ্ধ হাতে বেনোয়েট ধরে রাখার স্থিরচিত্রের ত্রিমাত্রিক লোগো (3D Logo of Benoit in the Hand of the Freedom Fighter) রয়েছে, যা "UV Light" ডিভাইস ফোকাস করে সনাক্ত করতে হবে **(ডায়াগ্রাম-১ এ লেভেলিং-০৭ দ্রষ্টব্য)।**

(০৫) ডিজিটাল সার্টিফিকেট-এর নীচের দিকে এবং মাননীয় মন্ত্রী ও সচিব মহোদয়ের দৃশ্যমান স্বাক্ষর দু'টির ঠিক মাঝবরাবর সামান্য উপরের দিকে বাংলাদেশের জাতীয় প্রতীক (Symbol of National Emblem) চিহ্ন রয়েছে, যা "UV Light" ডিভাইস ফোকাস করে সনাক্ত করতে হবে **(ডায়াগ্রাম-১ এ লেভেলিং-০৯ দ্রষ্টব্য)।**

(০৬) ডিজিটাল সার্টিফিকেট-এর নীচের দিকে মাননীয় মন্ত্রী ও সচিব মহোদয়, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়-এর দৃশ্যমান স্বাক্ষর-এর সংলগ্ন উভয় পার্শ্বে ২ টি অদৃশ্যমান স্বাক্ষর রয়েছে, যা "UV Light" ডিভাইস ফোকাস করে সনাক্ত করতে হবে (ডায়াগ্রাম-১ এ লেভেলিং-১০ দ্রষ্টব্য)।

### ০৩। মুক্তিযোদ্ধা পরিচিতি (MIS) নম্বরঃ

বীর মুক্তিযোদ্ধাদের "**মুক্তিযোদ্ধা পরিচিতি (MIS)** নম্বরটি" সংখ্যা এবং বর্ণের সম্মেলনে তৈরি করা হয়েছে। এক্ষেত্রে প্রতিটি সংখ্যার পূর্বে সেই সংখ্যার ইংরেজি প্রথম ৩টি বর্ণ উলম্ব ভাবে ব্যবহার করা হয়েছে,যা খালি চোখে দেখে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়-এর ওয়েব সাইট (www.molwa.gov.bd)-এ রক্ষিত MIS নম্বরেরর ডাটার সাথে ম্যাচ করলেই প্রকৃত সার্টিফিকেট হিসাবে বিবেচিত হবে (ডায়াগ্রাম-১ এ লেভেলিং-৪ দ্রষ্টব্য)।

### ০৪। Micro Text of " মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়":

ডিজিটাল সার্টিফিকেট-এর বডিতে Micro Text প্রিন্টিং করা হয়েছে ৫ টি লাইনে। এই লাইনগুলোতে "মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়" এ শব্দগুলো অদৃশ্যভাবে বহুবার লেখা রয়েছে। খালি চোখে এটি সরল রেখা মনে হবে। "মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়" শব্দগুলো পড়তে হলে ম্যাগ্নিফাইং গ্লাস ব্যবহার করতে হবে অথবা যে কোন স্মার্ট মোবাইল ফোনের ক্যামেরা দ্বারা ছবি তুলে তা জুম করে দেখা যাবে (ডায়াগ্রাম-১ এ লেভেলিং-৬ দ্রষ্টব্য)

### ০৫। Encrypted QR code (QR Code-1):

যে কোন স্মার্ট মোবাইল (অ্যাড্রোয়েড) ফোনের Google Play Store থেকে "Freedom Fighter Verifier" নামক Apps টি ডাউনলোড করে তা Install করতে হবে। তারপর বর্ণিত Apps দিয়ে ডিজিটাল সার্টিফিকেটের নীচের দিকের ডান পার্শ্বের কোণায় অবস্থিত QR কোড স্ক্যান করতে হবে। এতে "Freedom Fighter Verifier" Apps-এর মাধ্যমে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় হতে বীর মুক্তিযোদ্ধাদের মাঝে বিতরণকৃত ডিজিটাল সার্টিফিকেট-এর হুবুহ কপি দেখে সত্যতা যাচাই করা যাবে (ডায়াগ্রাম-১ এ লেভেলিং-৮ দ্রষ্টব্য)।

### ০৬। Encrypted QR code (QR Code-2):

ক্রমিক নং-৫-এ বর্ণিত ইন্সটলকৃত Apps দিয়ে ডিজিটাল সার্টিফিকেটের নীচের দিকের বাম পাশের কোণায় অবস্থিত QR কোডটি স্ক্যান করতে হবে। এতে "Freedom Fighter Verifier" Apps দিয়ে স্ক্যান করার মাধ্যমে জাতীয় সংগীতের ১ম দু'লাইন ও জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৭ই মার্চের ভাষনের সমাপ্তির অংশ বিশেষ শোনা ও ভিডিও দেখা যাবে (ডায়াগ্রাম-১ এ লেভেলিং-১২ দ্রষ্টব্য)।

**অ্যাপটি ব্যবহার পদ্ধতি (ক্রমিক নং-০৫ ও ০৬ উভয়ক্ষেত্রে)-**

- Freedom Fighter verifier Apps টি যে কোন স্মার্ট মোবাইল (অ্যাড্রোয়েড) ফোনের Google Play Store থেকে ডাউনলোড করে ওপেন করতে হবে।
- QR কোডের দিকে ক্যামেরার লেন্স ফোকাস করে একটু অপেক্ষা করতে হবে।
- Apps টি স্বয়ংক্রিয়ভাবে QR কোড স্ক্যান করবে ও ডিকোড করবে এবং মোবাইলের স্ক্রিনে ফলাফল দেখা যাবে।

Confidential- Please handle with care

০৭। **Ghost Image of Freedom Fighter's 11 digit ID no:**

ডিজিটাল সার্টিফিকেটের নীচের দিকে মাঝামাঝি স্থানে বার কোডের ন্যায় ১টি ঘোস্ট ইমেজ (Ghost Image) দেয়া রয়েছে। এতে বীর মুক্তিযোদ্ধার পরিচিতি নম্বরের ১১টি ডিজিট লুকানো ভাবে মুদ্রিত আছে । এটি খালি চোখে দেখা যায় না। এটি দেখতে বিশেষ ভাবে তৈরি "ফিল্টার পেপার" -এর সাহায্যে নিতে হবে। ("ফিল্টার পেপার" মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ে সরবরাহ করা হয়েছে)। ফিল্টারকৃত নাম্বারের সাথে সংশ্লিষ্ট মুক্তিযোদ্ধার MIS নম্বার ও ডাটার সাথে ম্যাচ করলেই প্রকৃত সার্টিফিকেট হিসাবে বিবেচিত হবে **(ডায়াগ্রাম-১ এ লেভেলিং-১১ দ্রষ্টব্য)।**


০৮। **Circle Net Design Background:**

এটি একটি নিরাপত্তামুলক ডিজাইন। ডিজিটাল সার্টিফিকেটের কেন্দ্রে দৃশ্যমান এই সার্কেলটিতে বিশেষায়িত Software দ্বারা অনেকগুলো বৃত্ত সন্নিবেশন করা হয়েছে। এগুলো গণনা করে সাধারনের পক্ষে সার্কেলটি তৈরি করা অসম্ভব। **(ডায়াগ্রাম-১ এ লেভেলিং-১৩ দ্রষ্টব্য)।**

০৯। **Anti-copy (অ্যান্টিকপি):**

Anti-copy ( অ্যান্টিকপি ) এক ধরনের নিরাপত্তামুলক ব্যাকগ্রাউন্ড ডিজাইন। এর মাধ্যমে আসল বা প্রকৃত সার্টিফিকেট প্রমাণীকরণযোগ্য । আসল/প্রকৃত সার্টিফিকেট-এর ফটোকপি বা স্ক্যানারের মাধ্যমে আসল (Actuale) ও নকল (Fake) সার্টিফিকেট আলাদা ভাবে চেনা যাবে। High Resolution Text Mood-এ ফটোকপি বা স্ক্যান করা হলে সেই ফটোকপিতে অনেকগুলো "Copy " শব্দ/ প্যাটার্ন দৃশ্যমান হবে , যা আসল কপিতে লুকায়িত থাকে। নকল (Fake) সার্টিফিকেট ফটোকপি করা হলে "Copy " শব্দ/ প্যাটার্ন দৃশ্যমান হবে না **(ডায়াগ্রাম-১ এ লেভেলিং-১৪ দ্রষ্টব্য)।**

# বীর মুক্তিযোদ্ধাদের ডিজিটাল সার্টিফিকেট-এ ১৪ (চৌদ্দ) টি নিরাপত্তামূলক বৈশিষ্টের লেভেলিং




ডায়াগ্রাম-১


## "UV Light" ডিভাইস ব্যবহার করে নিম্নোক্ত ৬ (ছয়) টি স্থানের দৃশ্যমান নিরাপত্তামূলক বৈশিষ্ট্যসমূহঃ

**অদৃশ্য আল্ট্রাভায়োলেট কালি (Invisible Ultraviolet ink - UV)**
(নিরাপত্তা মূলক অদৃশ্য UV কালি দেখার জন্য UV লাইট ডিভাইস ব্যবহার করুন )




ডায়াগ্রাম-২

## অন্যান্য নিরাপত্তামূলক বৈশিষ্ট-




ডায়াগ্রাম-৩

# Apps ব্যবহারের সচিত্র নির্দেশিকা





1st Step- Open Freedom Fighter Verifier Apps




2nd Step- Camera Focusing Position on QR-1 Code




3rd Step Output Result of Certificate




4th Step- Camera Focusing Position on QR-2 Code and Click the “Allow” Icon

**ডায়াগ্রাম-৪**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক জীবিত বীর মুক্তিযোদ্ধাদের মাঝে বিতরণকৃত স্মার্ট আইডি কার্ড-এ বেশ কিছু নিরাপত্তামূলক বৈশিষ্ট্য রয়েছে। এ বৈশিষ্ট সমূহ সনাক্ত করণের মাধ্যমে আসল বা প্রকৃত (Actual) ও নকল (Fake) আইডি কার্ড আলাদা ভাবে চিহ্নিত করা সহজ হবে । আসল বা প্রকৃত স্মার্ট আইডি কার্ড সনাক্তকরণ পদ্ধতি এ ম্যানুয়ালে নিম্নরূপে লিপিবদ্ধ করা হলো।

**বীর মুক্তিযোদ্ধাদের স্মার্ট আইডি কার্ড-এ ১২ (বার) টি নিরাপত্তামূলক বৈশিষ্ট্য রয়েছে ,যা নিম্নরূপে সনাক্ত করতে হবে (ডায়াগ্রাম-৫ এ লেভেলিং দ্রষ্টব্য) -**

### ০১। অদৃশ্য আল্ট্রাভায়োলেট কালি (Invisible Ultraviolet ink - UV):

বীর মুক্তিযোদ্ধাদের স্মার্ট আইডি কার্ড-এর নিরাপত্তায় ৫(পাঁচ) টি স্থানে অদৃশ্য আল্ট্রাভায়োলেট (UV) কালির প্রিণ্ট ব্যবহৃত হয়েছে। খালি চোখে এ প্রিণ্ট সনাক্ত করা যায় না। "UV Light" ডিভাইস ব্যবহার করে নিম্নোক্ত ৬ (ছয়) টি স্থানে **(ডায়াগ্রাম-৫ দ্রষ্টব্য)** নিরাপত্তামূলক বৈশিষ্ট্যগুলো সনাক্তযোগ্য-

(০১) স্মার্ট আইডি কার্ড-এর মাঝামাঝি উপরের দিকে বাম পার্শ্বে "জয় বাংলা" ও ডান পার্শ্বে "জয় বঙ্গবন্ধু" শব্দ দু'টি লেখা রয়েছে, যা "UV Light" ডিভাইস ফোকাস করে সনাক্ত করতে হবে **(ডায়াগ্রাম-৫ এর লেভেলিং-১ দ্রষ্টব্য)।**

(০২) স্মার্ট আইডি কার্ড-এর উপরের দিকে ডান কোণায় একটি নির্দিষ্ট MAC কোড বা নিরাপত্তা কোড লুকানো অবস্থায় লেখা রয়েছে,যা "UV Light" ডিভাইস ফোকাস করে সনাক্ত করতে হবে । এই MAC কোডটি মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের Admin বা Super Admin-এর নিকট সংরক্ষিত থাকবে। সংরক্ষিত MAC কোড-এর সাথে স্মার্ট আইডি কার্ড-এর "নিরাপত্তা কোড" ম্যাচ করলেই "স্মার্ট আইডি কার্ডটি" মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক সরবরাহকৃত প্রকৃত "স্মার্ট আইডি কার্ড" হিসাবে বিবেচিত হবে **(ডায়াগ্রাম-৫ এর লেভেলিং-২ দ্রষ্টব্য)।**

(০৩) স্মার্ট আইডি কার্ড-এর নীচের দিকে এবং মাননীয় মন্ত্রী ও সচিব মহোদয়ের দৃশ্যমান স্বাক্ষর দু'টির ঠিক মাঝবরাবর সামান্য উপরের দিকে "বাংলাদেশের জাতীয় প্রতীক" (Symbol of National Emblem) চিহ্ন রয়েছে,যা "UV Light" ডিভাইস ফোকাস করে সনাক্ত করতে হবে **(ডায়াগ্রাম-৫ এর লেভেলিং-৫ দ্রষ্টব্য)**

(০৪) স্মার্ট আইডি কার্ড-এর নীচের দিকে মাননীয় মন্ত্রী ও সচিব মহোদয়, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়-এর দৃশ্যমান স্বাক্ষর-এর সংলগ্ন উভয় পার্শ্বে দু'টি অদৃশ্যমান স্বাক্ষর রয়েছে,যা "UV Light" ডিভাইস ফোকাস করে তা সনাক্ত করতে হবে **(ডায়াগ্রাম-৫ এর লেভেলিং-৬ দ্রষ্টব্য)।**

(০৫) স্মার্ট আইডি কার্ড-এর কেন্দ্রে বীর মুক্তিযোদ্ধার মুষ্ঠিবদ্ধ হাতে বেনোয়েট ধরে রাখার স্থিরচিত্রের ডিজিটাল জলছাপ ( Digital Water Mark of Benoit in the Hand of the Freedom Fighter) রয়েছে,যা খালি চোখে অস্পষ্ট দেখা যাবে। তবে "UV Light" ডিভাইস ফোকাস করে স্পষ্টরূপে সনাক্ত করা যাবে **(ডায়াগ্রাম-৫ এর লেভেলিং-৯ দ্রষ্টব্য)।**

(০৬) ডিজিটাল সার্টিফিকেট-এর উপরের দিকে ডানকোণে MAC কোডের সামান্য নীচে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর ত্রিমাত্রিক ছবি (3DPicture) রয়েছে, যা "UV Light" ডিভাইস ফোকাস করে সনাক্ত করতে হবে **(ডায়াগ্রাম-৫ এর লেভেলিং-১২ দ্রষ্টব্য)।**

০২। **228 KB IC Chip:** স্মার্ট আইডি কার্ড-এর মাঝামাঝি ডানপার্শ্বে ২২৮ কেবি আইসি চিপ বা সীম কার্ড রয়েছে। এ চিপে সংশ্লিষ্ট বীর মুক্তিযোদ্ধার জাতীয় পরিচয় পত্রের নম্বরসহ সকল তথ্যাদি সংরক্ষিত রয়েছে। সংরক্ষিত তথ্যাদি ডাটা রিডার ডিভাইস ও মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ওয়েবসাইটে রক্ষিত "Smart ID Card Reader" নামক Software সাহায্যে পাঠযোগ্য হবে (ডায়াগ্রাম-৫ এর লেভেলিং-৩ ও ডায়াগ্রাম-৬ দ্রষ্টব্য)।

**228 KB IC Chip- এর ডাটা পাঠ করার ধারবাহিক পদ্ধতিঃ**

- মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ওয়েবসাইটে (www.molwa.gov.bd ) "Smart ID Card Reader" নামে বাম পার্শ্বে প্রদর্শিত আইকনের ন্যায় ১টি Software দেয়া রয়েছে।
- "Smart ID Card Reader" Software টি ল্যাপটপ বা ডেস্কটপে Install ও open করতে হবে।
- Software টি ল্যাপটপ বা ডেস্কটপে open করার সাথে সাথে ডায়াগ্রাম-৬ এর ন্যায় ১টি Interface দেখাবে।
- ডাটা রিডার ডিভাইস ( সরবরাহকৃত HID ডিভাইস বা অন্য যে কোন সমমানের রিডার ডিভাইস) ল্যাপটপ বা ডেস্কটপের USB পোর্টের সাথে সংযোগ করতে হবে।
- স্মার্ট আইডি কার্ডটি ডাটা রিডার ডিভাইস-এ IC Chip টি যে দিকে রয়েছে সে দিকটি নীচের দিকে রেখে প্রবেশ করাতে হবে ও Interface-এর উপরে ডান কোনায় Read আইকনটি ক্লিক করতে হবে।
- অতঃপর স্বয়ংক্রিয়ভাবে বীর মুক্তিযোদ্ধার IC Chip-এ থাকা তথ্যাদি প্রদর্শিত হবে। যা মূল আইডি কার্ডের অথবা মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ওয়েবসাইটে সংরক্ষিত MIS ডাটার সাথে অভিন্ন হলেই আইডি কার্ডটি প্রকৃত বা আসল মর্মে বিবেচিত হবে।

**অ্যাপটি ব্যবহার পদ্ধতি (ক্রমিক নং-০৩ ও ০৪ উভয়ক্ষেত্রে)-**

- Freedom Fighter verifier Apps টি যে কোন স্মার্ট মোবাইল (অ্যান্ড্রোয়েড) ফোনের Google Play Store থেকে ডাউনলোড করে ওপেন করতে হবে।
- QR কোডের দিকে ক্যামেরার লেন্স ফোকাস করে একটু অপেক্ষা করতে হবে।
- Apps টি স্বয়ংক্রিয়ভাবে QR কোড স্ক্যান করবে ও ডিকোড করবে এবং মোবাইলের স্ক্রিনে ফলাফল দেখা যাবে।

### ৫। Micro Text of " মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়":


স্মার্ট আইডি কার্ড-এ বীর মুক্তিযোদ্ধার ছবির চতুর্দিকে সরল রেখায় Micro Text প্রিন্টিং করা হয়েছে। খালি চোখে এগুলো সরল রেখা মনে হবে। এ সরল রেখাগুলোতে "মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়" এ শব্দগুলো অদৃশ্যভাবে লেখা রয়েছে।"মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়" শব্দগুলো পাঠ করতে হলে ম্যাগ্নিফাইং গ্লাস ("ম্যাগ্নিফাইং গ্লাস" মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ে সরবরাহ করা হয়েছে) ব্যবহার করতে হবে অথবা স্মার্ট মোবাইল ফোনের-এর ক্যামেরা দ্বারা ছবি তুলে তা জুম করে দেখা যাবে **(ডায়াগ্রাম-৫ এর লেভেলিং-৮ দ্রষ্টব্য)।**

### ০৬। মুক্তিযোদ্ধা পরিচিতি (MIS) নম্বরঃ

বীর মুক্তিযোদ্ধাদের "মুক্তিযোদ্ধা পরিচিতি (MIS)" নম্বরটি" স্মার্ট আইডি কার্ড-এর তথ্যের শুরুতেই সন্নিবেশিত রয়েছে। যা মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ওয়েবসাইটে রক্ষিত MIS নম্বরেরর সাথে মিলিয়ে নাম সঠিক থাকলেই প্রকৃত স্মার্ট আইডি কার্ড হিসাবে গণ্য করতে হবে **(ডায়াগ্রাম-৫ এর লেভেলিং-১০ দ্রষ্টব্য)।**


**০৭। Registered Holographic Patch:** স্মার্ট আইডি কার্ড-এর উপরে একটি পাতলা পর্দা বা মেমব্রেন লেমিনেটেড করে দেয়া রয়েছে **(ডায়াগ্রাম-৫ এর লেভেলিং-১১ ও ডায়াগ্রাম-৭ দ্রষ্টব্য)।** লেমিনেটেড করা পাতলা পর্দাটি ডিজাইনসহ লোগো আন্তর্জাতিক সংস্থা কর্তৃক রেজিষ্ট্রিকৃত। Registered Holographic Patch টি সহজে দৃশ্যমান হবে না। হাতের সাহায্যে আলোর দিকে আনুমানিক ২০°-৩০° ডিগ্রী কোণে স্মার্ট আইডি কার্ড-টি ঘুরানো হলে হুবুহ ডায়াগ্রাম-৭ এর ন্যায় Hologram Design দেখা যাবে। ফলে ডায়াগ্রাম-৭ এর ন্যায় Hologram Design দেখে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় হতে সরবাহকৃত প্রকৃত বা আসল স্মার্ট আইডি কার্ড সনাক্ত করা যাবে।

## স্মার্ট কার্ড- এর নমুনা





ডায়াগ্রাম-৫

# Interface of Smart ID Card Reader Software




ডায়াগ্রাম-৬

# Registered Holographic Patch




ডায়াগ্রাম-৭

# Apps ব্যবহারের সচিত্র নির্দেশিকা





1st Step- Open Freedom Fighter Verifier Apps




2nd Step- Camera Focusing Position on QR-1 Code




3rd Step OutputResult of Smart ID Card




4th Step- Camera Focusing Position on QR-2 Code and Click the “Allow” Icon

ডায়াগ্রাম-৮

**সরবরাহকারী প্রতিষ্ঠান**
সিকিউরা বাংলাদেশ লিমিটেড
১২-১৩,মতিঝিল বা/এ, রহমান চেম্বার (২য় তালা)
ঢাকা-১০০০

**সহযোগী প্রতিষ্ঠান**
দি ম্যাপ্‌পা লিঃ
১৩৭ডি/১, জাহানারা গার্ডেন, গ্রীন রোড
ফার্মগেট, ঢাকা - ১২০৫